# পরিবারের জন্য দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) একটি উপরিচিত্র

বাড়িতে আপনার সন্তানের শিক্ষণ সহায়তার তথ্য এবং পরামর্শ।

Department of
Education

# থেকে শিক্ষার বিষয়সূচি

নিচের উপস্থাপনায় জন্ম থেকে 12 গ্রেড পর্যন্ত ছেলেমেয়েদের দূর থেকে শিক্ষা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য ও বিষয়বস্তু রয়েছে।

| স্তর | যাদের জন্য | স্লাইড নম্বর |
|---|---|---|
| Birth-5<br>NYC Department of Education Birth-5 | ছোট্ট শিশু, সদ্য হাঁটতে শেখা শিশু, 3-বছর এবং 4-বছর থেকে পাঁচ বছরে উঠছে যে শিশু। | 3 - 7 |
| K-12<br>NYC Department of Education K-12 | কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেডের শিক্ষার্থী | 8 - 19 |
| Birth-12<br>NYC Department of Education Birth-12 | DOE-এর সকল শিক্ষার্থী। | 20 - 30 |





# জন্ম থেকে - 5 বছর বয়সীদের দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)

পরবর্তী সেকশনে ছোট্ট শিশু, সদ্য হাঁটতে শেখা শিশু, 3-বছর এবং 4-বছর থেকে পাঁচ বছরে উঠছে যে শিশু।

# অল্প বয়সী শিক্ষার্থীদের দূর থেকে শিক্ষার রূপটি কেমন?

স্মরণ রাখবেন, ছেলেমেয়েরা খেলতে পছন্দ করে—যেকোনো সময়, যেকোনো স্থানে, প্রায় সবকিছু নিয়ে। তারা যখন খেলে, তখন চারপাশের বিশ্ব সম্পর্কে শেখে এবং গুরুত্বপূর্ণ দক্ষতার চর্চা করে।

আপনার বাড়ি শেখার প্রয়োজনীয় উপকরণ ইতোমধ্যে বিদ্যমান আছে! নিচের উপায়গুলোর মাধ্যমে কীভাবে শেখায় সহায়তা দিতে পারেন, সে ব্যাপারে জানবেন পরবর্তী স্লাইডগুলোতে:

- আপনার এবং আপনার পরিবারের জন্য উপযুক্ত দৈনন্দিন রুটিন মেনে চলে, যেন প্রত্যেকে জানে কী প্রত্যাশা করা উচিত।
- আপনার সন্তানকে ফোন কল ও ভিডিও কলের মাধ্যমে অন্যদের সাথে সংযোগ স্থাপনে সহায়তা দিয়ে, ভালভাবে সংলগ্ন থাকলে ছেলেমেয়েরা অধ্যবসায়ী হয় ও বিকাশ লাভ করে।
- আপনার সন্তানদের সাথে নভেল করোনাভাইরাস (COVID-19) এবং স্কুলগুলি কেন বন্ধ, তা নিয়ে কথা বলে।
- খেলার ছলে শেখার প্রচুর সুযোগ প্রদান করে।



NYC Department of Education Birth-5

# ছোট ছেলেমেয়েদের জন্য কর্মকাণ্ড

বাড়িতে ছোট ছেলেমেয়েদের শেখায় কীভাবে সহায়তা করবেন, তার সহায়ক নির্দেশনা পেতে Early Childhood: Learn at Home  ওয়েবপেজ দেখুন।

- Learn at Home: Early Childhood Instructional Resources ডকুমেন্ট-এ রয়েছে বিভিন্ন কর্মকাণ্ড যা বয়স  ও বিষয় অনুযায়ী সাজানো। এসব কর্মকাণ্ডে কোনো উপকরণের প্রয়োজন নেই বা যেসব উকপরণ প্রয়োজন, তা বাড়িতেই পাওয়া যায়।
- এছাড়াও আপনার সন্তানের শিক্ষায় বাড়তি সহায়তা দিতে মজার মজার ডিজিটাল ও অনলাইন কর্মকাণ্ডের সন্ধান পেতে আপনি Learn at Home: Additional Resources ওয়েবপেজ দেখতে পারেন। পেজটিতে NYC প্রোগ্রাম ও সার্ভিসসমূহ এবং সন্তান লালন-পালনে সহায়ক তথ্যও রয়েছে।

**বিশেষ মনোযোগের বিষয়:** প্রাত্যহিক কর্মকাণ্ডে মস্তিষ্ক গঠনমূলক কর্মকাণ্ড সংযুক্ত করতে Growing Up NYC  দেখুন।




# ছোট ছেলেমেয়েদের সাথে COVID-19 নিয়ে আলোচনা

আপনার সন্তানের সাথে কীভাবে COVID-19 নিয়ে কথা বলবেন, সে ব্যাপারে পরামর্শ নিন Guidance for Families of Young Children During School Closures থেকে।

এছাড়াও আপনি Growing Up NYC: Coronavirus Updates ওয়েবপেজে করোনাভাইরাস সম্পর্কে এবং নিম্নলিখিত বিষয়গুলোতে হালনাগাদ তথ্য পাবেন:

- শিশু-পরিচর্যা
- খাদ্য
- হাউজিং
- মানসিক সহায়তা
- অন্যান্য জরুরি সহায়তা




NYC Department of Education Birth-5

# আপনার ছোট ছেলেমেয়েদের প্রোগ্রাম স্টাফদের সাথে সংযোগ

আপনার সন্তানের প্রোগ্রাম স্টাফগণ আপনাদের সহায়তা দেওয়ার জন্য প্রস্তুত। যেসব বিষয়ে তাদের সাথে কথা বলতে পারেন:


- দৈনিক রুটিন তৈরি করা
- আপনার ও সন্তানের সম্পন্ন করা কর্মকাণ্ডের জন্য আনন্দ করা
- বাড়িতে শিক্ষা সম্পর্কে আপনার প্রশ্ন

স্টাফদের সুপারিশ করা হয়েছে সপ্তাহে দুইবার প্রত্যেক শিক্ষার্থী বা পরিবারের সঙ্গে যোগাযোগ করতে।

- এসব যোগাযোগকে আপনার সন্তানের সাপ্তাহিক উপস্থিতি হিসেবে ধরা হবে।

আপনি যে পদ্ধতি (ফোন, ইমেইল কিংবা অন্য ডিজিটাল যোগাযোগ) পছন্দ করেন, সেটি ব্যবহার করে প্রোগ্রাম স্টাফের সাথে যোগাযোগ করুন।

- আপনার সন্তান যদি প্রোগ্রাম প্রদত্ত রিমোট লার্নিং ক্রিয়াপ্রতিক্রিয়াগুলোতে অংশগ্রহণ করতে সক্ষম না হয়, অনুগ্রহ করে প্রোগ্রামে জানিয়ে দেবেন এবং তারা আপনার চাহিদার সাথে মানানসই করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।



# K-12 গ্রেডের দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)

নিচের সেকশনগুলোতে কিন্ডারগার্টেন থেকে গ্রেড 12 পর্যন্ত শিক্ষার্থীদের উপযোগী তথ্য রয়েছে।

# দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)

- **দূর থেকে শিক্ষা** আপনার সন্তানকে তার শিক্ষকদের কাছ থেকে অনলাইনে শিক্ষা অব্যাহত রাখার সুবিধা প্রদান করে। আপনার সন্তান বাড়ি থেকে তার অনুশীলনীতে অংশগ্রহণ ও অ্যাসাইনমেন্ট সম্পূর্ণ করতে সক্ষম হবে।

- আপনার সন্তান কম্পিউটার, ফোন, এবং ট্যাবলেট জাতীয় ডিভাইসের মাধ্যমে দূর থেকে শিক্ষায় অংশ নিতে পারবে।

- দূর থেকে শিক্ষার জন্য প্রত্যেক স্কুলের নিজস্ব অনলাইন প্ল্যাটফর্ম রয়েছে। অনেক স্কুল গুগল্ ক্লাসরুম ব্যবহার করে।



Department of Education K-12

# দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) কী রকম?

আপনার সন্তানের দূর থেকে শিক্ষা "**অযুগপৎ**", "**যুগপৎ**", বা দুটির মিশ্রণও হতে পারে।

**অযুগপৎ** শিক্ষণে, আপনার সন্তান তার পছন্দমতো সময়ে অনুশীলনীতে অংশগ্রহণ করে।

- অনুশীলনীগুলো পূর্বে-রেকর্ডকৃত ভিডিওর মতো, শিক্ষার্থীদের পড়ার জন্য কিছু বাছাইকৃত বিষয়বস্তু, এবং তাদের সহপাঠীদের সাথে অনলাইন আলোচনার বোর্ডও হতে পারে।

**যুগপৎ** শিক্ষণে, আপনার সন্তান একটি নির্দিষ্ট সময়ে তার শিক্ষক এবং সহপাঠীদের সাথে অনুশীলনীতে অংশ নেয়।

- অনুশীলনীগুলো ভিডিও ক্যামেরা ব্যবহার করে শিক্ষক ও শিক্ষার্থীরা একে অপরের সাথে কথা বলছে এমন লাগতে পারে।


# গ্রেড K-12 শিক্ষার্থীদের জন্য কর্মকাণ্ড

আমাদের Activities for Students (শিক্ষার্থীদের জন্য কর্মকাণ্ড) ওয়েবপেজে এমন সব বিষয় ও উপকরণ রয়েছে যা পরিবারগুলো বাড়িতে তাদের শিক্ষার্থীদের শিক্ষণ সহায়তায় ব্যবহার করতে পারে।

প্রত্যেকটি গ্রেড স্তর এবং পাঠ্য বিষয়ের জন্য কর্মকাণ্ড (অ্যাক্টিভিটি) আছে।

এসব কর্মকাণ্ড আপনার সন্তান স্কুলে বা তাদের শিক্ষকদের সাথে দূর থেকে শিক্ষায় যা শিখছে সেগুলির স্থলাভিষিক্ত হবে না।

আরও কর্মকাণ্ড রয়েছে যা বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থী এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য সহায়ক।


Learn at Home for All Students ▸

Home ▸ Learn at Home ▸ Activities for Students

## Activities for Students

The materials on the Learn at Home pages are designed to provide supplementary learning resources to students in the event that students may need to be home from school. We encourage you to use this time to continue your student's learning while they are at home. To help students engage in educational material, we have shared the resources below for students in all grades, from Early Learn through elementary and middle school, and for high school. These materials do not replace what your child has been learning at school, but during this unusual time it is important that students continue to read, write, do social studies and science activities, and work on math problems.

The materials on the grade specific pages below include:

- Suggested daily study schedules
- Guides and materials for instructional activities
- Recommended educational television shows
- Links to a variety of books, magazines, and websites on a wide range of topics that appeal to children at all ages


# রিমোট লার্নিং পোর্টাল

রিমোট লার্নিং পোর্টাল-এ আপনার সন্তানের অনলাইন শিক্ষণের সব রকম সরঞ্জাম থাকে।

শিক্ষার্থীদের রিমোট লার্নিং পোর্টালে লগইন করতে তাদের DOE স্টুডেন্ট অ্যাকাউন্ট -এর প্রয়োজন আছে। এই অ্যাকাউন্টের শেষে "@nycstudents.net"-যুক্ত থাকে।

- আপনার সন্তানের **ইউজারনেম** অথবা **প্যাসওয়ার্ড** পাবেন আপনার সন্তানের স্টুডেন্ট অ্যাকাউন্ট সেলফ সার্ভিস ওয়েবপেজ-এ।
- আপনি আপনার সন্তানের রিপোর্ট কার্ড, স্টুডেন্ট আইডি কার্ড, অথবা NYCSA অ্যাকাউন্ট-এ তার 9-রাশির স্টুডেন্ট আইডেন্টিফিকেশন (OSIS) নম্বর পাবেন।

এ সম্পর্কে আরও জানতে আমাদের টেকনিক্যাল টুলস্ অ্যান্ড সাপোর্ট ওয়েবপেজ দেখুন।



# রিমোট লার্নিং পোর্টালে কী রয়েছে?

আপনার সন্তান যখন রিমোট লার্নিং পোর্টালে লগ-ইন করে, তখন তার তিনটি গুরুত্বপূর্ণ লার্নিং টুল ব্যবহারের সুযোগ ঘটে।

- গুগল্ ক্লাসরু
- টিচহাব
- াইক্রোসফট্ অফিস 365

# গুগল্ ক্লাসরুম

গুগল ক্লাসরুম হলো একটি অনলাইন প্লাটফর্ম যেখানে শিক্ষার্থীরা:

- তাদের অ্যাসাইনমেন্ট সম্পূর্ণ করতে ও জমা দিতে পারে
- লেসনে অংশ নেয়
- তাদের শিক্ষকদের সাথে যোগাযোগ রাখে
- অনলাইন ফোল্ডারে তাদের ক্লাসওয়ার্ক সংরক্ষণ করে



আপনি আইপ্যাড, আইফোন, এবং অ্যান্ড্রয়েড ডিভাইসেও গুগল ক্লাসরুম ব্যবহার করতে পারেন।

Department of Education K-12

# গুগল-এ যেসব উপকরণ আছে

গুগল ক্লাসরুম ছাড়াও আপনার সন্তানের আপনাআপনি গুগল প্ল্যাটফর্মের অনেক অনলাইন উপকরণ সুবিধা লাভের একটি অ্যাকাউন্ট রয়েছে। সেগুলোর কিছু হলো:

- ডকুমেন্ট দেখা এবং তৈরির জন্য ডকস্ (Docs)।
- ইমেইলের জন্য জিমেইল (Gmail)।
- অনলাইন ফাইল সংরক্ষণের জন্য ড্রাইভ (Drive)।
- উপস্থাপনা দেখা এবং তৈরির জন্য স্লাইডস (Slides)।
- অনলাইন জরিপ অথবা কুইজ সম্পূর্ণ এবং তৈরির জন্য ফর্মস্ (Forms)।
- স্প্রেডশিট দেখা এবং তৈরির জন্য শিটস্ (Sheets)।
- শিক্ষক ও সহপাঠীদের সাথে ভিডিও অথবা অডিও মিটিংয়ের জন্য নিরাপদ উপায় হিসেবে মিট (Meet) ব্যবহার।

মনে করিয়ে দেয়া হচ্ছে: প্রতিটি স্কুলের রিমোট লার্নিংয়ের জন্য তার নিজস্ব প্ল্যান রয়েছে এবং মাইক্রোসফট্ 365-এ লভ্য উপকরণটির পরিবর্তে অন্য কোন অনলাইন উপকরণ ব্যবহারের পরামর্শ থাকতে পারে।


Docs Gmail Drive Slides Forms Sheets Meet

# টিচহাব

বিভিন্ন গ্রেড এবং বিষয়ব্যাপী লার্নিং রিসোর্সসহ টিচহাব একটি অনলাইন প্ল্যাটফর্ম।

শিক্ষার্থীরা বিভিন্ন রিসোর্সের সুবিধা নিতে এইসব উপকরণ (টুলস্) ব্যবহার করে যেমন অনলাইন বই অথবা তারা যেসব বিষয় শিখছে সেগুলি অনুশীলন করতে শিক্ষামূলক গেমস্।

শিক্ষকগণ তাদের অনুশীলনীতে সহায়তার জন্য এসব তথ্য-উপকরণের কিছু কিছু জিনিসও ব্যবহার করতে পারেন।



# মাইক্রোসফট্ অফিস 365

মাইক্রোসফট্ অফিস 365 আপনার সন্তানকে যেসব উপকরণ ব্যবহারের সুযোগ দেয় যেমন:

- ডক্যুমেন্ট তৈরি অথবা পর্যালোচনার জন্য **ওয়ার্ড** (Word)।
- উপস্থাপনা তৈরির জন্য পাওয়ার **পয়েন্ট** (PowerPoint)।
- শিক্ষক এবং সহপাঠীদের সাথে ভিডিও বা অডিও মিটিংয়ে অংশগ্রহণ করতে নিরাপদ উপায় **টিমস** (Teams)-এর ব্যবহার।
- স্প্রেডশিট তৈরি অথবা পর্যালোচনা করতে **এক্সেল** (Excel)।
- তাদের ফাইল অনলাইনে সংরক্ষণের জন্য ওয়ান **ড্রাইভ** (OneDrive) ব্যবহার।

গুগল ক্লাসরুম উপকরণের মতো একই উদ্দেশ্য সাধনে মাইক্রোসফট্ অফিস 365-এর অনেক উপকরণ কাজ করে। আপনার সন্তানকে হয় গুগল ক্লাসরুম বা মাইক্রোসফট অফিস 365-এর উপকরণ ব্যবহার করতে বলা হতে পারে।

Word
Bring out your best writing.

PowerPoint
Design professional presentations.

Teams
The customizable, chat-based team workspace in Office...

Excel
Discover and connect to data, model and analyze it, an...

OneDrive
Store, access, and share your files in one place.

Department of Education K-12


# আপনার স্কুলের সাথে যোগাযোগ করা


আপনি আপনার সন্তানকে সহায়তাদানের উপায়গুলি আলোচনা করতে আপনার স্কুলের সাথে অনলাইন মিটিংয়ের অনুরোধ জানানো অব্যাহত রাখতে অথবা ফোন কল করতে পারেন।

প্রতিটি স্কুলের একটি যোগাযোগ পরিকল্পনা আছে, যার অন্তর্ভুক্ত হলো পরিবারগুলো ফোন, অথবা টেক্সট মেসেজ ইত্যাদি কোন্ মাধ্যমটিতে তাদের শিক্ষকদের সাথে সংযোগ রাখতে সক্ষম, তার বিবরণ।

কার সাথে যোগাযোগ করতে হবে না জানলে স্কুলের **প্যারেন্ট কোঅর্ডিনেটরের** কাছে ইমেইল করুন।

- আপনার স্কুলের যোগাযোগের নম্বর বা ওয়েবসাইট না জানলে ফাইন্ড এ স্কুল ওয়েবপেজ ব্যবহার করুন।
- ক্লিক করুন “Full School Profile” তারপর “General Information”-এ।




Department of Education K-12


# আপনার ডিস্ট্রিক্ট-এর সাথে যোগাযোগ


যদি কোনো কারণে আপনি স্কুলের সাথে যোগাযোগ করতে সক্ষম না হন, তাহলে ডিস্ট্রিক্ট অফিসে যোগাযোগ করুন, অথবা 311 নম্বরে অথবা (718) 935-2200 নম্বরে প্যারেন্ট সাপোর্ট হটলাইনে ফোন করুন।

আপনার ডিস্ট্রিক্ট অফিসের **ফ্যামিলি লিডারশিপ কোঅর্ডিনেটর** অথবা **ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর**-এর সাথে যোগাযোগ করুন।

এছাড়াও আপনি তাদের যোগাযোগের তথ্য পেতে পারেন ফাইন্ড এ স্কুল ওয়েবপেজ ব্যবহার করে।

- ক্লিক করুন "Full School Profile" তারপর "General Information"-এ।




NYC Department of Education K-12

# জন্ম থেকে - 12 বছর বয়সীদের দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)

নিচের সেকশনে সকল DOE শিক্ষার্থীর জন্য প্রাসঙ্গিক তথ্য রয়েছে।

Department of Education Birth-12

# দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

23 মার্চ, 2020 তারিখ থেকে, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলি সকল শিক্ষার্থীর জন্য 2019-2020 শিক্ষা বছরের শেষ পর্যন্ত দূর থেকে শিক্ষার ব্যবস্থা শুরু করেছে। দূর থেকে শিক্ষা সম্পর্কিত সর্বশেষ তথ্য পেতে www.schools.nyc.gov ওয়েবসাইট দেখুন।

আমাদের main page -এ আমাদের স্কুল এবং আপনার সন্তানের শিক্ষণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ হালনাগাদ তথ্য রয়েছে।

আপনার K-12 গ্রেডের সন্তানকে বাড়িতে শেখায় সহায়তা করার জন্য আমাদের অ্যাক্টিভিটিজ ফর স্টুডেন্ট পেজ অথবা আর্লি চাইল্ডহুড লার্নিং দেখুন:

আমাদের বহুল জিজ্ঞাসিত প্রশ্ন পেজে শিক্ষার্থীদের জন্য দূর থেকে শিক্ষায় অংশগ্রহণের উপায় ও পরিষেবার সম্পর্কিত প্রশ্নের উত্তর রয়েছে।

সকল নিউ ইয়র্কবাসী সোমবার থেকে শুক্রবার প্রতিদিন তিন বেলা ফ্রি খাবার পেতে পারে। আপনার বাড়ির নিকটবর্তী ফ্রি মিল কোথায় দেয়া হয় জেনে নিন।

যেসব পরিবার তাদের সন্তানের দূর থেকে শিক্ষার জন্য ইন্টারনেট সুবিধাসহ কোন ডিভাইস চান, তারা ডিভাইস রিকোয়েস্ট ফর্ম পূরণ করে বা 718- 955-5100, এক্সটেনশন 5-এ ফোন করে একটি পেতে পারেন।


রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টারগুলো (REC) জরুরি কাজে নিয়োজিতদের জন্য চাইল্ডকেয়ার সুবিধা প্রদান করে। আপনি যদি মনে করেন আপনি যোগ্য, তাহলে REC জরিপটি পূরণ করুন।

# সর্বশেষ তথ্য জেনে নিন

দূর থেকে শিক্ষা সম্পর্কিত সর্বশেষ তথ্য পেতে [www.schools.nyc.gov](http://www.schools.nyc.gov) ওয়েবসাইট দেখুন।

কোভিড-19 বিষয়ে নিয়মিত হালনাগাদ তথ্য পেতে 692-692 নম্বরে “COVID” লিখে টেক্সট করুন।

আমাদের ওয়েবসাইট গুগল ট্র্যানস্লেট দ্বারা সমর্থিত। এই পৃষ্ঠার উপরে আপনার পছন্দের ভাষাটি বেছে নিতে পারেন।




Department of Education Birth-12


# দূর থেকে শিক্ষার জন্য ডিভাইস


যেসব পরিবার তাদের সন্তানের দূর থেকে শিক্ষার জন্য ইন্টারনেট সুবিধাসহ কোনো ডিভাইস চায়, তারা ডিভাইস রিকোয়েস্ট ফর্ম পূরণ করতে বা 718-955-5100 এক্সটেনশন 5 নম্বরে ফোন করে অনুরোধ জানাতে পারে।

- এই ডিভাইসগুলি "সক্রিয় ইন্টারনেটযুক্ত" এবং দূর থেকে শিক্ষার জন্য এগুলিতে বাড়ির ইন্টারনেট সার্ভিসের প্রয়োজন নেই।
- যেসব শিক্ষার্থী ডিভাইসের অপেক্ষায় আছে তাদের কাছে শিক্ষানির্দেশনার কর্মকাণ্ড প্রিন্ট করে ইমেইল করা হবে।

ডিভাইস রিকোয়েস্ট ফর্মে আপনাকে শিক্ষার্থী ডিভাইস ধার নেবার চুক্তিতে সম্মতি দিতে বলা হবে। এই চুক্তিটি বিভিন্ন ভাষায় দেয়া হয়েছে এবং শিক্ষার্থীরা কীভাবে ডিভাইসটি ব্যবহার করবে সেসব বিষয়ে তথ্য রয়েছে।

আমাদের আইপ্যাড বিতরণ ওয়েবপেজে আরও জেনে নিন।




Department of Education

Remote Learning Devices

English

Remote Learning Device Request

To help students stay connected during emergencies, the DOE is lending internet-enabled iPads to support remote learning for students. If you would like to request a device for a NYC student in your family, please fill out the form below. The DOE will use the contact information you provide to get in touch with you regarding the delivery of your device. In addition to the form below, you must also sign the Student Device Agreement in order for your request to be processed. Priority will be given to students most in need, and all devices are granted on a temporary basis and will later need to be returned. There is a limit of one device per student. If you need to cancel a request, visit the request cancellation page.

☐ Please check here if you are a school staff member completing this survey on behalf of a parent/guardian. Please note that the contact information in the form must be the accurate, current contact information for the family, as this will be used to set up delivery of the device.

Parent/Guardian Information

First Name

Last Name

Email

Phone

Relationship to Student

Select


Do you have access to a computer?

Select

# প্রযুক্তিগত সহায়তা নিন

গুগুল ক্লাসরুম, মাইক্রোসফট্ অফিস 365, জুম, এবং রিমোট লার্নিং পোর্টালসহ আমাদের ডিজিটাল লার্নিং টুল সম্পর্কিত সহায়তার জন্য আমাদের টেকনিক্যাল টুলস্ অ্যান্ড সাপোর্ট ওয়েবপেজ পর্যালোচনা করুন।

আপনার যদি সমস্যা অব্যাহত থাকে, তাহলে একটি টেকনিক্যাল সাপোর্ট ভর ফ্যামিলিজ ফর্ম পূরণ করুন এবং স্টাফদের কেউ সমস্যাটি সমাধানের জন্য আপনার সাথে যোগাযোগ করবেন।




# রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টারসমূহ

রিজিওনাল এনরিচমেন্ট সেন্টার (REC) হলো সেসব জায়গা যেখানে সিটিকে পরিষেবাদান অব্যাহত রাখা ওইসব কর্মী যারা জরুরি পরিসেবাকর্মী, খাবার ডেলিভারিকারী এবং রেস্টুরেন্ট কর্মী এবং অন্য প্রথম-সারির কর্মীদের সন্তানদের সুরক্ষিত সেবা প্রদান করা হয়।

REC-গুলি সোমবার থেকে শুক্রবার 7:30AM থেকে 6:00PM পর্যন্ত খোলা এবং তা প্রতিটি ডিস্ট্রিক্টে রয়েছে।

আপনি যদি মনে করেন আপনি যোগ্য, REC সার্ভেটি পূরণ করুন, যেখানে যোগ্য কর্মীদের পূর্ণ তালিকা রয়েছে।





## Regional Enrichment Center Enrollment Form

Thank you for your service in keeping New Yorkers safe during this extraordinary time. Please complete this form to enroll your child(ren) at a
(REC). Regional Enrichment Centers are only open to children who are New York City residents, and whose parents/guardians are employed

There are different types of RECs that serve different age groups:

- **RECs** are located in public school buildings and serve students in grades **3-K through 12**.
- **Pre-K Centers** are located in public school buildings and primarily serve **3 and 4 year olds**, as well as older siblings up to 10 years of a
- **Emergency Child Care Centers (ECCs)** are hosted at community-based organizations and serve children aged **6 weeks up to 12 yea**
- **Family Child Care Centers (FCCs)** are home-based providers and serve children aged **6 weeks up to 12 years old**.

Regional Enrichment Centers, Pre-K Centers, and ECCs will be open 7:30am - 6:00pm Monday to Friday. Family Child Care Centers will be op
Friday. Children who are enrolled can attend anytime during open hours.

For more information about Regional Enrichment Centers, visit our website.

If eligible, you will receive confirmation of your enrollment status and next steps within 48 hours. We will continue to assess capacity and dema
eligibility to additional essential personnel and children most in need of this support.

Department of Education Birth-12


# বিনামূল্যে খাবার (ফ্রি মিলস্)


সকল নিউ ইয়র্কবাসী সোমবার থেকে শুক্রবার প্রতিদিন তিন বেলা বিনামূল্যে খাবার পেতে পারে।

শিক্ষার্থী ও পরিবারগুলির জন্য মিলস্ হাবগুলো (খাবার কেন্দ্র) 7:30 am থেকে 11:30 am পর্যন্ত এবং প্রাপ্তবয়স্কদের জন্য 11:30 am থেকে 1:30 pm পর্যন্ত খোলা থাকে।

কোন রেজিস্ট্রেশন বা পরিচয়পত্রের আবশ্যিকতা নেই। প্রাপ্তবয়স্কগণ ও শিক্ষার্থীরা এক সঙ্গে তিন বেলার খাবার সংগ্রহ করতে পারে।

আপনার বাড়ির কাছে কোন একটি বিনামূল্যে খাবার পাবার ঠিকানা খুঁজে নিন। পিতামাতা এবং অভিভাবকগণ তাদের সন্তানের জন্য খাবার সংগ্রহ করতে পারেন।







Department of Education Birth-12

# বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

এই দুর্যোগের সময়ে আমাদের পরিবার এবং শিক্ষার্থীদের যেসব প্রশ্ন থাকতে পারে তার উত্তর পেতে আমাদের বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী ওয়েবপেজ দেখুন।

আমরা গুরুত্বপূর্ণ এই পেজ হালনাগাদকরণ অব্যাহত রাখবো যেমন:

- শিক্ষানির্দেশনা এবং গ্রেডিং
- উপস্থিতি
- ক্রেডিট এবং গ্র্যাজুয়েশন
- স্পেশালাইজড় সার্ভিসেস
- পরীক্ষার শর্তাবলী



## Information on Remote Learning

Remote learning allows teachers to deliver their lessons online, and students can complete assignments, projects, and assessments just like they would in the classroom.

Remote learning both creates an opportunity for students and teachers to interact online and allows students to continue learning subjects and material that are a key part of their curriculum.

- Does your student need a device for remote learning? Fill out this survey as soon as possible.
- Visit the InfoHub for printable translations of these Frequently Asked Questions

## Frequently Asked Questions

Department of Education Birth-12

# দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিংয়ের মাধ্যমে স্পেশাল এডুকেশন পরিষেবা

**স্কুল-বয়সী শিক্ষার্থীদের** ক্ষেত্রে, আপনার সন্তানের যদি ব্যক্তিক শিক্ষা প্রোগ্রাম (IEP) থাকে, আপনার স্কুল তার জন্য **স্পেশাল এডুকেশন রিমোট লার্নিং পরিকল্পনার** ব্যাপারে আপনার সাথে যোগাযোগ করবে। এই পরিকল্পনা তার IEP লক্ষ্য পূরণে তার অগ্রগতিতে তাকে যে সহায়তা দেবে সেই শিক্ষানির্দেশনা এবং পরিষেবার বিবরণ দেবে।

**DOE প্রোগ্রামের প্রিস্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে,** আপনার সন্তানের যদি একটি IEP থাকে যা SCIS বা স্পেশাল ক্লাসের সুপারিশ করে, তাহলে দূর থেকে শিক্ষা পরিকল্পনা নিয়ে আপনার সাথে স্কুলের যোগাযোগ করার কথা। IEP আছে এমন প্রিস্কুল শিক্ষার্থী যাদের রিলেটেড সার্ভিস এবং/অথবা SEIT সুপারিশ করা হয়েছে, তাদের সার্ভিস শুধু টেলিথেরাপির মাধ্যমে প্রদান করা হয়।

আপনার স্কুল সকল চেষ্টা চালাবে যেন তার একই শিক্ষক (বৃন্দ) ও প্যারাপ্রোফেশনালের কাছ থেকে শিক্ষানির্দেশনা পাওয়া অব্যাহত থাকে।

আপনি যদি এখনও এই পরিকল্পনার ব্যাপারে আপনার স্কুলের সাথে আলোচনা না করে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের সাথে এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবা রিলেটেড সার্ভিস প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।

আপনার সন্তানের সহায়তার জন্য রিমোট লার্নিং প্ল্যান সম্পর্কে আরও জানুন আমাদের ইফর্মেশন (তথ্য) ওয়েবপেজ থেকে এবং বাড়তি উপকরণের জন্য লার্ন অ্যাট হোম (বাড়িতে শিখুন) ওয়েবপেজ দেখুন।

আপনি যদি আপনার স্কুলের সাথে যোগাযোগ করতে সক্ষম না হন, তাহলে SpecialEducation@schools.nyc.gov ঠিকানায় ইমেইলও করতে পারেন।

# রিমোট লার্নিংয়ে ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য পরিষেবা

প্রতিটি স্কুল যেসব শিক্ষার্থী ইংরেজি ভাষার শিক্ষার্থী এবং আগে ইংরেজি ভাষা শিক্ষার্থী ছিল তাদের জন্য একটি স্কুল-ভিত্তিক **রিমোট লার্নিং প্ল্যান** তৈরি করেছে।

আপনার সন্তানের তার বাড়ির ভাষায় যথাযথ পরিমাণ সহায়তাসহ ইংরেজিতে লক্ষ্য-স্থিরকৃত শিক্ষা লাভ অব্যাহত থাকবে। এই পরিষেবাগুলো যথাযথ সনদপ্রাপ্ত শিক্ষক দ্বারা সমন্বয় এবং প্রদান করা হবে। আপনি যদি ইতোমধ্যে আপনার সন্তানকে কীভাবে তার ভাষার উন্নতিতে সহায়তা দেয়া হবে সেটি আলোচনা করে না থাকেন, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের সাথে যোগাযোগ করুন।

আমাদের লার্ন অ্যাট হোম (বাড়িতে শিখুন) পেজে আপনার সন্তানের সহায়তায় আমাদের ইনফর্মেশন (তথ্য) পেজ এবং বাড়তি রিসোর্সে এ সম্পর্কে আরও জানুন।

আপনি যদি আপনার স্কুলের সাথে যোগাযোগ করতে সক্ষম না হন, তাহলে ELLfamilies@schools.nyc.gov ঠিকানায় ইমেইলও করতে পারেন।

# রিমোট লার্নিংয়ে NYCDOE-এর লিংক

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন
https://www.schools.nyc.gov/

শিক্ষার্থীদের জন্য কর্মকাণ্ড

- K-12: https://www.schools.nyc.gov/learn-at-home/activities-for-students
- জন্ম থেকে 5 বছর বয়সীদের: https://www.schools.nyc.gov/learn-at-home/activities-for-students/early-childhood

দূরে থেকে শিক্ষা বিষয়ে বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী
https://www.schools.nyc.gov/learn-at-home/information-on-remote-learning

বিনামূল্যে খাবার (ফ্রি মিলস্)
https://www.schools.nyc.gov/school-life/food/free-meals

দূর থেকে শিক্ষার জন্য ডিভাইস
https://www.schools.nyc.gov/learn-at-home/ipad-distribution

রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টার
https://www.schools.nyc.gov/enrollment/enrollment-help/regional-enrichment-centers

আপনার DOE আইপ্যাড নিয়ে শুরু করা
https://www.schools.nyc.gov/learn-at-home/ipad-distribution/getting-started-with-your-ipad

টেকনিক্যাল টুলস্ এবং সাপোর্ট https://www.schools.nyc.gov/learn-at-home/technical-tools-and-support

NYC Department of Education Birth-12